

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০. ৯৬৬.০০.১৭১.২২- ২২০৭

তারিখঃ ২৫/১১/২০২৪ খ্রি.

বিষয়: নাজিরপুর উপজেলায় প্রকল্পের কার্যক্রম পরিদর্শন কালে প্রাপ্ত তথ্যসমূহের বিপরীতে ব্যবস্থা গ্রহণ।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পভুক্ত পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলায় সহকারী পরিচালক জনাব মোঃ ইয়ারুল ইসলাম এর পরিদর্শনকালে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে ক্ষেত্রে নিম্নোক্ত অসংগতি পরিলক্ষিত হয়েছে।

- ১) ঋণ ফাইল পর্যালোচনায় দেখা যায় যে, ঋণ আবেদন পত্রে চুক্তিপত্র অংশে পোস্ট ডেটেড চেক নম্বর সহ কোন বিবরণ লিপিবদ্ধ নাই। ঋণ বিতরণের জন্য নোট দেওয়া হলেও নোটাংশের পাতা নম্বর ও অনুচ্ছেদ নম্বর দেওয়া হয় না যার ফলে হিসাবের গরমিল হওয়ার সম্ভাবনা সৃষ্টি হচ্ছে মর্মে প্রতিয়মান হয়।
- ২) ইরেসপো ঋণ ফান্ড হিসাবের লেনদেন পর্যবেক্ষণে দেখা যায় বিল পরিশোধের ক্ষেত্রে অনেকাংশে আর্থিক বিধি বিধান মানা হয় না।
- ৩) বেতন ভাতা হিসাবের ক্যাশবহি ব্যাংক স্টেটমেন্ট ও শটিংশীট কালে দেখা যায় যে, আদায়কৃত সেবামূল্য হতে বেতন ভাতার (বিভাজন) হিস্যা সংক্রান্ত রেজিস্টার সময় সময় হালনাগাত করা হয় না যার ফলে হিসাবের গরমিল হওয়ার সম্ভাবনা সৃষ্টি হতে পারে।
- ৪) ইরেসপো ২য় পর্যায় হিসাব ৩০৯ : এর ক্যাশবহি ও স্টেটমেন্ট এবং বিল ভাউচার যাচাই করি। বিগত ১১/০৮/২০২৪ ঋণ ও সঞ্চয় আদায় ক্যাশবহিতে লিপিবদ্ধ করা হয় কিন্তু ব্যাংকে জমা হয় ১২/০৮/২০২৪ খ্রি. তারিখে, জমা স্লীপ আছে। ০৪/০৬/২০২৪ খ্রি. তারিখে ৬৯০৮৯/- টাকা বেতনভাতা খাতে স্থানান্তর করা হয় কিন্তু কোন নথিতে অনুমোদন নাই। এবং ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখে বেতনভাতা খাতে স্থানান্তর করা হয়েছে কিন্তু কোন নথিতে অনুমোদন করা হয়নি।
- ৫) কিশোরী সঞ্চয় হিসাবের ব্যাংক স্টেটমেন্ট পর্যালোচনায় দেখা যায় যে, সময় সময় ক্যাশবহি হালনাগাত করা হয় না।
- ৬) লগবহি হালনাগাত করা নাই।

উপরোক্ত অসংগতি সমাধানের অগ্রগতি প্রতিবেদন পত্রপ্রাপ্তির ৫ কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।


২৫/১১/২৪

এ, এস, এম, সোলায়মান
উপপ্রকল্প পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি

উপজেলাঃ নাজিরপুর, জেলাঃ পিরোজপুর।

স্মারক নং ৪৭.৬২.০০০০. ৯৬৬.০০.১৭১.২২-

অনুলিপি বিতরণঃ

০১। প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি।

০২। উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ পিরোজপুর।

০৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

০৪। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ নাজিরপুর, জেলাঃ পিরোজপুর।

০৫। সংশ্লিষ্ট নথি।

তারিখঃ ২৫/১১/২০২৪ খ্রি.


২৫/১১/২৪

মোঃ ইয়ারুল ইসলাম
সহকারী পরিচালক